বৈদ্যুতিক সংযোগের লোড নির্ধারণ এবং গ্রাহকের লোড বরাদ্দকরণ নীতিমালা-২০২১ (সংশোধিত) এর পটভূমিঃ

ডেসকো শুরু থেকেই বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর তৎকালীন **বিদ্যুৎ মূল্যহার ও নিয়মাবলী'র** আলোকে বিভিন্ন গ্রাহককে লোড বরাদ্দ দিয়ে আসছিল। উক্ত মূল্যহার ও নিয়মাবলী অনুযায়ী ৫০ কিলোওয়াট পর্যন্ত নিম্নচাপ এবং ৫০ কিলোওয়াটের উর্ধ্বে উচ্চচাপ সংযোগ দেয়া হত। মানসম্মত বিতরণ ব্যবস্থা প্রতিষ্ঠা করা, নগরের জননিরাপত্তা এবং ঢাকা মহানগরের সৌন্দর্য রক্ষার স্বার্থে প্রতি পোলে ট্রান্সফর্মার স্থাপন পরিহারপূর্বক লাইনে বিতরণ ট্রান্সফর্মারের সংখ্যা সীমিত করার জন্য যে সকল গ্রাহকের অধিক লোড দরকার তাদের নিজস্ব স্থাপনায় ট্রান্সফর্মার ব্যবহার নিশ্চিতকরণ ও BNBC এর আলোকে স্থাপনা বা ভবনের লোড নিরূপণের জন্য ২০০৯ সালে ডেসকো কর্তৃক একটি নীতিমালা প্রস্তুত করা হয়, যা Policy Guidelines on Load Estimation and Load Sanction নামে ডেসকো বোর্ডের ১৪৫তম সভায় অনুমোদিত হয়। উক্ত পলিসির ধারা-৩ (সি) -এ উপকেন্দ্র স্থাপনের বিষয়ে শর্ত ছিল নিম্নরূপঃ

Total floor area (including basement, car park and other common use areas in a building) is 12,500 sq. feet or more irrespective of number of floors in a building, consumer shall install his/her own substation (distribution transformer, PFI plant etc.) irrespective of sanction load.

পরবর্তীতে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগ হতে ০৭.১১.২০১০ ইং তারিখে জারিকৃত আদেশে নতুন সংযোগ/লোডবৃদ্ধির বিপরীতে সোলার প্যানেল স্থাপনের শর্ত আরোপ করায় ডেসকো বোর্ডের ১৮৭তম সভায় পলিসিতে নতুন সংযোগ/লোডবৃদ্ধির ক্ষেত্রে সোলারের বিষয়টি অন্তর্ভূক্ত করা হয়। আবাসিক গ্রাহকদের ক্ষেত্রে ২ (দুই) কি:ও: এর অধিক বরাদ্দ প্রাপ্ত গ্রাহকগণের ক্ষেত্রে মোট চাহিদার ৩% লোডের জন্য সোলার স্থাপনের শর্ত আরোপ করা হয়। সোলারের শর্ত আরোপের পর হতে গ্রাহকদের মাঝে প্রকৃত লোড গোপন করে আবেদনকৃত লোড ২ কি:ও: লোডের মধ্যে সীমাবদ্ধ রাখার প্রবণতা লক্ষ্য করা যায়। এ অবস্থার প্রেক্ষিতে ০৩/০২/২০১৬ তারিখে অনুষ্ঠিত ডেসকো বোর্ডের ৩১৬তম সভায় Bangladesh National Building Code (BNBC)এর সাথে সমন্বয় করে নতুন সংযোগের ক্ষেত্রে আবাসিক গ্রাহকগণের ইউনিট প্রতি বাস্তব ফ্লোর এরিয়ার ভিত্তিতে নূন্যতম লোড বরাদ্ধ প্রদানের প্রস্তাব অনুমোদিত হয়। এটি অনুমোদনের পর হতে অদ্যবদি নতুন সংযোগ/ লোড বৃদ্ধি সংক্রান্ত সেবা প্রদানের ক্ষেত্রে উক্ত Policy Guideline অনুসরণ করা হয়ে আসছে। উক্ত পলিসি অনুযায়ী ৯০০ বর্গফুট (কমন এরিয়াসহ) পর্যন্ত ফ্ল্যাটের সর্বনিম্ন লোড ছিলো ২ (দুই) কি:ও:। এরপর হতে এইচটি সংযোগ তথা নিজস্ব উপকেন্দ্র স্থাপন থেকে অব্যাহতি লাভ এবং সোলার স্থাপন থেকে অব্যাহতি বা কম পরিমান সোলার প্যানেল স্থাপনের জন্য ওয়্যারিংকৃত লোড নূণ্যতম লোডের মধ্যে সীমাবদ্ধ রাখার প্রবণতা লক্ষ্য করা যায়।

বিদ্যুতের মূল্যহার আদেশ ২০১৭ অনুযায়ী ৫০ কিঃওঃ এর উর্ধ্বে এইচটি সংযোগ প্রযোজ্য ছিল। বিদ্যুতের মূল্যহার আদেশ ২০২০ এ এলটি সংযোগের সীমা বৃদ্ধি করে ৮০ কি:ও: করা হয়। ফলে এইচটি সংযোগ থেকে অব্যাহতি পাওয়ার লক্ষ্যে বড় সাইজের ফ্ল্যাটের (৯০০ বর্গফুটের অধিক) আবেদনকারীগণের মধ্যেও ওয়্যারিং পয়েন্ট কম দেখিয়ে লোড ৮০ কি:ও: এর মধ্যে সীমাবদ্ধ রাখার প্রবণতা বৃদ্ধি পায়।

এর ফলে ১২৫০০ বর্গফুটের পরিবর্তে ছোট ছোট ফ্ল্যাট সাইজের বাড়ীতে ১২৫০০ বর্গফুটের দুই/আড়াই গুণ সাইজের ভবনে এলটি সংযোগ প্রযোজ্য হতে থাকে। ফলে এইচটি লাইনের বর্তমান পোল ছাড়াও অনেক ক্ষেত্রে পুশ পোল স্থাপনের মাধ্যমে ট্রান্সফর্মার স্থাপন করে এলটি সংযোগ দিতে হচ্ছে।

এরই মধ্যে Bangladesh National Building Code (BNBC) সংশোধন করা হয়েছে, যা Bangladesh National Building Code (BNBC)-2020 নামে অবহিত। BNBC-2020 এ লোড নির্ধারণের ক্ষেত্রে Light, Fan, AC, Home Appliances, Heat & Power লোড নির্ধারণের জন্য বিদ্যুৎ সাশ্রয়ী যন্ত্রপাতি বিবেচনা করা হয়েছে। Minimum Load Density হিসাবের ক্ষেত্রে স্থাপনা/ব্যবহারের ধরণ অনুযায়ী AC, Non AC লোডের অনুপাত বিবেচনাসহ ইউনিট লোড ($watts/m^2$) উল্লেখ করা হয়েছে।

বর্তমানে দেশের মাথাপিছু গড় আয় বৃদ্ধির ফলে মানুষের জীবনযাত্রার মান উন্নত হয়েছে। অপরদিকে জলবায়ু পরিবর্তনের ফলে গ্রীষ্মকালে তাপমাত্রা অসহনীয় বৃদ্ধি পাওয়ায় শীতাতপ নিয়ন্ত্রন যন্ত্রের ব্যবহার বহুলাংশে বৃদ্ধি পেয়েছে। মানুষের ক্রয় ক্ষমতাও বৃদ্ধি পেয়েছে। ফলে ২০০৯ সালে প্রণীত নীতিমালার আলোকে লোড নিরূপণ করা বর্তমান সময়ের সাথে বাস্তবসম্মত নয়। বর্তমানে ডেসকো’র মোট ১০০৪৬৪১ জন আবাসিক গ্রাহকদের মধ্যে ৫২৮১৬২ জন গ্রাহকের মিটার প্রি-পেইড মিটারের মাধ্যমে প্রতিস্থাপন করা হয়েছে। ১৬ টি বিক্রয় ও বিতরণ বিভাগের প্রি-পেইড গ্রাহকগণের তথ্য নিয়ে পর্যালোচনা করে দেখা যায় অনুমোদিত লোড ২ ও ৩ কি:ও: সম্পন্ন গ্রাহক যথাক্রমে ৪,৫০,৭৩৬ ও ৪৯,৫৯৫ জন গ্রাহকের মধ্যে যথাক্রমে ৬২,০১৯ ও ৪,৩৯১ জন গ্রাহক অনুমোদিত লোডের অতিরিক্ত লোড ব্যবহার করছেন। অনেক গ্রাহক অনুমোদিত লোড ২ কি:ও: এর স্থলে ৩ থেকে ৪ কি:ও: এবং ৩ কি:ও: এর স্থলে ৫ থেকে ৭ কি:ও: লোড ব্যবহার করছেন-যাদের অধিকাংশই ফ্ল্যাট বাড়ীতে বসবাসকারী। উক্ত তথ্য পর্যালোচনা ও বাস্তবতার নিরীখে এ সংক্রান্ত একটি সংশোধিত খসড়া নীতিমালা প্রণয়ন করে ১০/১০/২০২১ তারিখে অনুষ্ঠিত ৪২৬তম বোর্ড সভায় অনুমোদনের নিমিত্ত উপস্থাপন করা হয়। ডেসকো এবং ডিপিডিসি ঢাকা সিটিতে বিদ্যুৎ বিতরণের দায়িত্বে নিয়োজিত আছে, সেহেতু ২টি প্রতিষ্ঠানের Load Assessment Policy একই রকম না হলে গ্রাহকগণের মধ্যে ভুল বুঝাবুঝির সৃষ্টি হবে মর্মে সম্মানিত বোর্ড সদস্যগণ মতামত ব্যক্ত করেন। এ লক্ষ্যে বোর্ড সিদ্ধান্তের আলোকে ডিপিডিসি এবং ডেসকো’র কর্মকর্তাগণের সমন্বয়ে নীতিমালাটি পর্যালোচনা করে প্রয়োজনীয় সংশোধনী আনয়নপূর্বক নীতিমালা প্রস্তুত করা হয়। বিদ্যমান Policy Guideline অনুযায়ী লোড হিসাবের ক্ষেত্রে সংশ্লিষ্ট স্থাপনার প্রতিটি ইউনিটে প্রবেশ করে ওয়্যারিং পয়েন্ট হিসাব করতে হয়। অনেক সময় ভবনের নির্মাণ কাজ সমাপ্ত করে ২/৩টি ফ্ল্যাটে লোক বসবাস করা শুরু করেন। ডেসকো প্রতিনিধি কর্তৃক পরিদর্শনকালে অনেক সময় আবেদনকারীকে স্থাপনায় পাওয়া যায় না। ফলে ফ্ল্যাটে ঢুকে প্রতিটি রুমের ওয়্যারিং পয়েন্ট গণনা করা ফ্ল্যাটে বসবাসকারী এবং পরিদর্শনকারী উভয়ের জন্যই বিব্রতকর। এরই সুযোগে এক শ্রেনীর মধ্যস্বত্তভোগী গ্রাহকগণকে বিভিন্নভাবে প্রতারিত করে থাকেন। বর্তমান সংশোধিত পলিসিতে শুধুমাত্র ফ্ল্যাটের সাইজের (বর্গফুট) ভিত্তিতে নূন্যতম লোড নির্ধারণের বিধান রাখা হয়েছে, তবে কেউ চাইলে অতিরিক্ত লোডের আবেদন করতে পারবেন এবং বরাদ্দ দেয়া হবে।

গ্রাহকগণ কোন ডেভলপারের নিকট হতে ফ্ল্যাট ক্রয় করলে, ফ্লাটের এরিয়ার সাথে কমন এরিয়াও অন্তর্ভূক্ত থাকে। ২০১৬ সালের সংশোধিত পলিসিতে নতুন সংযোগের ক্ষেত্রে আবাসিক গ্রাহকগণের ইউনিট প্রতি বাস্তব ফ্লোর এরিয়ার মধ্যে কমন এরিয়াও অন্তর্ভূক্ত ছিল। নতুন পলিসিতে ফ্ল্যাটের সাইজ নির্ধারণের ক্ষেত্রে কমন এরিয়া বাদ দিয়ে ফ্ল্যাট সাইজ হিসাব করার প্রস্তাব করা হয়েছে। ফলে বর্তমান পলিসি অনুযায়ী ৭০০ বর্গফুটের ফ্ল্যাটের সাইজ পূর্বের হিসাবের প্রায় ৯০০ বর্গফুটের সমান। অনুরূপভাবে বর্তমান ৯০০, ১১০০, ১৩০০, ১৫০০, ১৭০০, ১৯০০ বর্গফুটের ফ্লাটের সাইজ দাড়ায় যথাক্রমে নূন্যতম ১১০০, ১৩০০, ১৫০০, ১৭৫০, ২০০০ ও ২২০০ বর্গফুটের সমান।

সংশোধিত নীতিমালাটি ৩১/১০/২০২১ তারিখে অনুষ্ঠিত ডেসকো বোর্ডের ৪২৯তম সভায় উত্থাপন করা হলে ডেসকো'র **বৈদ্যুতিক সংযোগের লোড নির্ধারণ এবং গ্রাহকের লোড বরাদ্দকরণ নীতিমালা-২০২১ (সংশোধিত)** সাময়িকভাবে অনুমোদনপূর্বক অবিলম্বে কার্যকর করার বিষয়ে সিদ্ধান্ত প্রদান করা হয়। একই সাথে এই নীতিমালা ডেসকো'র ওয়েবসাইটে প্রকাশ করে কাস্টমার ফিডব্যাক গ্রহণ করতঃ ৩ মাস পর পুনরায় বোর্ড সভায় চুড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপনের জন্য সিদ্ধান্ত প্রদান করা হয়।

বোর্ড কর্তৃক অনুমোদিত **ডেসকো'র বৈদ্যুতিক সংযোগের লোড নির্ধারণ এবং গ্রাহকের লোড বরাদ্দকরণ নীতিমালা -২০২১ (সংশোধিত)** ওয়েবসাইটে প্রকাশ করা হলো। সম্মানিত গ্রাহকদের উক্ত নীতিমালার বিষয়ে কোন মতামত থাকলে তা প্রদান করতে পারেন।